# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ২. ১০. বেহেশতের আয়তন মাত্র ১৫০০ মাইল

বাইবেলের বর্ণনা অনুসারে জেরুজালেম শহরই হবে জান্নাত। আর এ জান্নাতের আয়তন দৈর্ঘ ও প্রস্থ উভয় দিকে ১২,০০০ মাইল। "ঐ নগর চতুষ্কোণ, তাহার দৈর্ঘ ও বিস্তার সমান। আর তিনি সেই নল দ্বারা নগর মাপিলে দ্বাদশ সহস্র তীর (KJV: twelve thousand furlongs: বার হাজার মাইল) পরিমাণ হইল। তাহার দৈর্ঘ্য, বিস্তার ও উচ্চতা এক সমান।" (প্রকাশিত বাক্য ২১/১৬-১৭)

১২ হাজার মাইল (furlongs/ stadia)-কে ১৪০০ বা ১৫০০ মাইল বলে উল্লেখ করা হয়েছে বিভিন্ন ইংরেজি বাইবেলে। মো.-০৬: "সেটা লম্বা, চওড়া ও উচ্চতায় দু'হাজার চারশো কিলোমিটার।"। মো.-১৩: "সেই নল দ্বারা নগর মাপলে পর পনের শত মাইল হল; সেটি লম্বা, চওড়া ও উচ্চতা এক সমান।"

পাঠক আশা করি বিষয়টা বুঝতে পেরেছেন। দৈর্ঘে ও প্রস্থে মাত্র ২ হাজার বা আড়াই হাজার কিলোমিটার আয়তনের একটা বেহেশতে আদম থেকে কিয়ামত পর্যন্ত এ বিশাল পৃথিবীতে বসবাসকারী লক্ষকোটি প্রজন্মের সকল বিশ্বাসী মানুষকে বসবাস করতে হবে। বিষয়টা কি সুখকর হবে বলে মনে করেন!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14497

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন